দৈনিক ইনকিলাব

তারিখ 18 JAN 2006
পৃষ্ঠা ১২ কলাম ২

# অদূরদর্শিতা ও অদক্ষতার জন্য শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে হবে

## –শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি কেন্দ্রীয় সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদার ও কেন্দ্রীয় মহাসচিব মোঃ নজরুল ইসলাম রনি এক বিবৃতিতে বলেন, ১৯ জানুয়ারী জাতীয় শিক্ষক দিবস পালনে শিক্ষামন্ত্রীর আশীর্বাদপুষ্ট এক বিতর্কিত ও স্বার্থান্বেষী শিক্ষক নেতার ঔদ্ধত্যে ও শিক্ষামন্ত্রীর অদূরদর্শিতায় মহাসমাবেশের নামে শিক্ষক সমাজ ১০০% বেতন, সম্মানজনক বাড়ীভাড়া, পূর্ণাঙ্গ ঈদ বোনাসসহ অন্যান্য ভাতা না পাওয়ায় হতাশায় ভুগছে। ১৯ জানুয়ারী একটি মাত্র শিক্ষক সংগঠনের ডাকে মহাসমাবেশ করার কথা ছিল মাননীয় প্রধানমন্ত্রীকে নিয়ে। এজন্য বিপুল অংকের টাকা চাঁদাবাজি ও সরকারী কোষাগার থেকে সংগ্রহ করা হয় বলে জানা গেছে। তাছাড়া অর্থমন্ত্রীর অনিচ্ছা সত্ত্বেও সাধারণ শিক্ষকদের ভুল বুঝিয়ে ১০০% বেতন-ভাতার প্রলোভন দেখিয়ে মহাসমাবেশে উপস্থিতির জন্য হয়রানি করা হয়েছে। এ সমাবেশকে পুঁজি করে একটি সংগঠন বিপুল পরিমাণ টাকা আত্মসাৎ ও অপচয় করেছে। তাছাড়া সমাবেশ উপলক্ষে বিভিন্ন জেলায় শিক্ষকদের চাঁদার মাধ্যমে গাড়ী ভাড়া করা হয়েছিল। সকল শিক্ষক সংগঠন এ সমাবেশে সম্পৃক্ত নয় এবং সরকারী গোয়েন্দা সদস্যদের রিপোর্টের ভিত্তিতে প্রধানমন্ত্রী সমাবেশ স্থগিত করায় শিক্ষক সমাজ ১৯ জানুয়ারীর মধ্যেই বর্তমান সরকারের নির্বাচনী ওয়াদা ১০০% বেতন, সম্মানজনক বাড়ীভাড়া, পূর্ণাঙ্গ ঈদ বোনাস এবং অন্যান্য ভাতা প্রদানের ঘোষণা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানানো হয়। এই মহাসমাবেশকে ঘিরে শিক্ষক সমাজকে ধোঁকা দেয়ায় ও অর্থ অপচয়ের জন্য কুচক্রীমহলের উপযুক্ত বিচারের দাবী জানানো হয়। তাছাড়া শিক্ষামন্ত্রীর অদূরদর্শিতা ও অদক্ষতার জন্য তার পদত্যাগ দাবী করা হয়। অন্যথায় বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেয়া হবে বলে জানানো হয়।